

# নোয়াখালীতে ডিএনসিসি মেয়র আনিসুল হকের মতবিনিময়

প্রকাশিত: ০৭:০৪ পিএম, ২৩ সেপ্টেম্বর ২০১৬

নোয়াখালীতে ডিএনসিসি মেয়র আনিসুল হকের মতবিনিময়

নোয়াখালী পৌরসভার নব-নির্বাচিত পরিষদ ও কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় সভা করেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র ও নোয়াখালীর কৃতি সন্তান আনিসুল হক। শুক্রবার রাতে পৌর ভবনে এ মতবিনিময় সভা হয়।

এসময় উপস্থিত ছিলেন সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের, স্থানীয় সংসদ সদস্য একরামুল করিম চৌধুরী, জেলা আওয়ামী লীগের সভাপতি ও সূবর্নচর উপজেলা পরিষদের চেয়ারম্যান অধ্যক্ষ খায়রুল আনান সেলিম সহ আওয়ামী লীগের বিভিন্ন স্তরের নেতৃবন্দ।

এর আগে ঢাকা উত্তরের সিটি কর্পোরেশনের মেয়র আনিসুল হক নোয়াখালী পৌর ভবনে আসলে তাকে ফুল দিয়ে বরণ করেন পৌরসভার মেয়র সহিদ উল্যা খাঁন সোহেল। এছাড়া নোয়াখালী ও লক্ষীপুর ক্যাবল টিভি অপারেটরের পক্ষ থেকে মেয়র আনিসুল হককে ফুল দেয়া হয়।

মতবিনিময় সভায় আনিসুল হক বলেন, আমি একজন ব্যবসায়ী। ব্যবসায়ী জীবন থেকে আমার বর্তমান অবস্থা আলাদা। ঢাকা উত্তর সিটির মেয়রের দায়িত্ব নেয়ার পর বুঝেছেন এটি কত কঠিন। এসময় ঢাকা বিভিন্ন সমস্যার চিত্র তুলে ধরেন তিনি।

মিজানুর রহমান/এআরএস